”সংশোধিত গঠনতন্ত্র”

সোসাইটি ফর হেলথ্ এ্যাক্সটেনশন এন্ড ডেভেলপমেন্ট (শেড)
নিবন্ধন নং: চট্ট-১৪৯৯/৮৯ তাং: ১৫/১১/৮৯

আই, সি, ডি, ডি, আর বি ক্যাম্পাস
ডাকঘর - টেকনাফ
জেলা কক্সবাজার - ৪৭৬০
বাংলাদেশ।

Government of the People's Republic of Bangladesh
NGO Affairs Bureau
Prime Minister's Office
13 Shahid Captain Mansur Ali Sarani
Matshya Bhaban, Ramna, Dhaka.

No. ABBU/NIB/SHED//90-357 Date: 07/9/2006

From : Md. Abdul Mannan
Assistant Director.

To : President,
Society for Health Extention & Development,
House No. 716, Road 10, Adabar,
Symoli,Dhaka-1000..

Sub : Registration Renewal of the Organization.

Dear Sir,

With reference to the above mentioned subject I am directed to inform you that your validity of registration expired on 14/11/05. Your application of 04/10/2005 for renewal of your organization is at present under process in NGO Affairs Bureau.

Yours faithfully,

7.9.2006
(Md. Abdul Mannan)
Assistant Director
Phone: 9562805

E:\alam\My Documents\Alamgir\Leave-1.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমনত্রীর কার্যালয়
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরনি
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

নং এবিব্যু/নিঅ-২/শেড/৩৬৪/৯৪- ৩৫৮ তারিখ ঃ ৭/৯/২০০৬খ্রি:

প্রেরক : মো: আব্দুল মান্নান,
সহকারী পচিালক।

প্রাপক : প্রেসিডেন্ট,
সোসাইটি ফর হেলথ এক্সটেনশন এন্ড ডেভেলপমেন্ট(শেড),
হাউস ৭১৬, রোড ১০,আদাবর, শ্যামলী,
ঢাকা-১২০৭।

বিষয় : সংস্থার গঠনতন্ত্র অনুমোদন প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার সংস্থার দাখিলকৃত গঠনতন্ত্র নিম্নোক্ত শর্তে অনুমোদন করতঃ অনুমোদিত গঠনতন্ত্রের কপি এতদসংগে প্রেরণ করা হলো।

ক) বিদেশী অনুদান বাংলাদেশে এবং Voluntary Activities-এর জন্য ব্যবহৃত হবে এবং তাদের কার্যক্রম পরিচালনার জন্য সরকারের অন্যান্য সংস্থাসমুহের প্রযোজ্য বিধি বিধান প্রযোজ্য হবে।

আপনার বিশ্বস্ত,
৭/৯/০৬
(মোঃ আব্দুল মান্নান)
সহকারী পরিচালক
ফোনঃ ৯৫৬২৮০৫।

“সংশোধিত গঠনতন্ত্র”

সোসাইটি ফর হেল্‌থ্‌ এক্সটেনশন এ্যান্‌ড ডেভেলপ্‌মেন্‌ট (শেড)

নিবন্ধন নং : চট্ট-১৪৯৯/৮৯ তাং: ১৫/১১/৮৯

আই, সি, ডি, ডি, আর, বি ক্যাম্পাস
ডাকঘর- টেকনাফ
জেলা - কক্সবাজার - ৪৭৬০
বাংলাদেশ

রুবুওয়া বেগম
সভাপতি
শেড, টেকনাফ
[illegible]

অনুমোদিত
মোঃ আব্দুল মান্নান
সহকারী পরিচালক-১
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়।

মোহাম্মদ উমর
সাধারন সম্পাদক
শেড, টেকনাফ
সাধারন সম্পাদক
শেড- টেকনাফ

ভূমিকা ঃ কক্সবাজার বাংলাদেশের সর্ব দক্ষিণ পূর্বের জেলা। এ জেলা নাগরিক সুবিধা হতে বঞ্চিত একটি এলাকা। প্রাকৃতিক দুর্যোগ মাঝে মাঝে হানা দিয়ে এ এলাকার মানুষকে নিঃস্ব, অসহায় ও সমস্যাজর্জরিত করে। তাই সমাজের সর্বপ্রকারের জনগনের সার্বিক কল্যান সাধনের নিমিত্তে এ সংস্থা গড়ে উঠেছে। এলাকার সর্বপ্রকার সমস্যা দূরীকরনপূর্বক গ্রামীন জনস্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, পরিবেশ সংরক্ষন, শিক্ষা, ক্রীড়া, সংস্কৃতি, আর্থ-সামাজিক উন্নয়নের সাথে এ সংস্থা সংশ্লিষ্ট থাকবে। এর লক্ষ্য ও উদ্দেশ্য হাসিলের জন্য ইহা প্রয়োজনীয় তহবিল সংগঠন ও ব্যয় নির্বাহের নিমিত্তে সম্পত্তি ক্রয় বা হস্তান্তর অথবা কোন মূলধন বিনিয়োগ করতে পারবে। ইহা একটি বেসরকারী অরাজনৈতিক স্বেচছাসেবী গ্রামীন জনস্বাস্থ্য ও সমাজ কল্যানমূলক সংস্থা।

১ নং ধারাঃ-

(ক) সংস্থার নাম : সোসাইটি ফর হেল্থ এক্সটেনশন এ্যান্ড ডেভেলপমেন্ট (শেড)

(খ) স্থায়ী ঠিকানা : আই, সি, ডি, ডি, আর, বি ক্যাম্পাস
টেকনাফ সদর
ডাকঘর ও উপজেলা- টেকনাফ
জেলা - কক্সবাজার

(গ) বর্তমান ঠিকানা : ঐ

(ঘ) স্থাপিত : ২০/৭/১৯৮৯ ইং

২ নং ধারাঃ-
কর্ম এলাকা : এই সংস্থার কার্যক্রম সমগ্র বাংলাদেশে পরিচালিত হবে।

৩ নং ধারাঃ-
সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ :

(ক) লক্ষ্যসমূহ :

(১) প্রকল্প এলাকার জনগোষ্ঠির সার্বিক কল্যানের লক্ষ্যে প্রয়োজনীয়স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা এবং আর্থ-সামাজিক কর্মসূচী গ্রহন ও বাস্তবায়ন করা।

(২) প্রকল্প এলাকার জনগোষ্ঠির সার্বিক অংশগ্রহণ ও ব্যয় বহনে অংশীদারিত্বের ভিত্তিতে রোগজনিত দুঃখ কষ্ট লাঘব করার উদ্দেশ্যে প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা প্রদানের অবকাঠামো প্রতিষ্ঠা করা এবং প্রাথমিক স্বাস্থ্য সেবা সমূহ প্রদানের

অনুমোদিত
মোঃ আব্দুল মান্নান
সহকারী পরিচালক-১
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়।

মোহাম্মদ উমর
সাধারণ সম্পাদক
শেড টেকনাফ

(৩) মহিলা সম্প্রদায়ের সামাজিক স্বীকৃতি ও অর্থনৈতিক অধিকার প্রতিষ্ঠার উদ্‌দেশ্যে শিক্ষা প্রসার, পেশাভিত্তিক প্রশিক্ষণ ও দক্ষতাভিত্তিক কর্ম সংস্থানে সাহায্যের মাধ্যমে অবহেলিত মহিলা সম্প্রদায়ের আর্থ-সামাজিক মান উন্নয়নে সহায়তা করা।

(খ) উদ্দেশ্যসমূহ :

(১) প্রকল্প এলাকার জনস্বাস্থ্য উন্নয়নের জন্য এলাকার উপযোগী কর্মসূচী গ্রহন ও বাস্তবায়িত করা।

(২) জনস্বাস্থ্যে ভবিষ্যৎ স্বনির্ভরতার লক্ষ্যে স্থানীয় জনগোষ্ঠির সার্বিক অংশগ্রহনে প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যার কর্মসূচী গ্রহন ও বাস্তবায়িত করা।

(৩) কর্মসূচী বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যয় বহনের নিমিত্তে স্থানীয় তহবিল সংগ্রহে এলাকাভূক্ত জনগোষ্ঠিকে উদ্বুদ্ধ করা।

(৪) যে কোন দূর্যোগের সময় প্রকল্প এলাকার জনগোষ্ঠিকে সাহায্যের জন্য প্রয়োজনীয় যে কোন জনকল্যানমূলক কর্মসূচী গ্রহন ও বাস্তবায়ন করা।

(৫) বেসরকারী উদ্যোগে গ্রাম/ইউনিয়ন পর্যায়ে গ্রামীন স্বাস্থ্য কেন্দ্র প্রতিষ্ঠা করা এবং উক্ত স্বাস্থ্য কেন্দ্র হতে স্বাস্থ্য সেবা প্রদানসহ সরকারী ও স্বেচছাসেবী প্রতিষ্ঠান সমূহের সাথে সমন্বয় ও সহযোগিতার মাধ্যমে "ই, পি, আই", "সবার জন্য স্বাস্থ্য" এবং "শিশু-মাতৃমংগল ও পরিবার পরিকল্পনা" কর্মসূচী সমুহ বাস্তবায়নে সহায়তা করা।

(৬) শিশু স্বাস্থ্য উন্নয়নের লক্ষ্যে প্রকল্প এলাকার সকল প্রাথমিক বিদ্যালয়ে/মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা করা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে চিকিৎসা ও পরামর্শ দেওয়া। ছাত্র-ছাত্রীদেরকে রোগ প্রতিরোধ, পুষ্টি, পরিবেশ ও পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে স্বাস্থ্য শিক্ষা দেওয়া।

(৭) বিশেষ প্রশিক্ষণ ও বিতরন ব্যবস্থার মাধ্যমে বৃহত্তর জনগোষ্ঠির নিকট "মুখে খাবার স্যালাইন" সহজলভ্য করা।

অনুমোদিত

মোঃ আব্দুল মান্নান
সহকারী পরিচালক-১
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়।

(৮) গ্রাম/পাড়াভিত্তিক দল গঠনের মাধ্যমে জনগোষ্ঠিকে পরিবার পরিকল্পনা কর্মসূচী গ্রহনে উদ্বুদ্ধ করা এবং প্রয়োজনে সুচিকিৎসাকল্পে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রে যোগাযোগসহ গ্রাম/ইউনিয়ন পর্য্যায়ে পরিবার পরিকল্পনা সেবা সমূহ নিশ্চিত করা।

(৯) প্রতিযোগিতামূলক বিনোদন কাজে অংশগ্রহনের সুযোগ সুবিধা বৃদ্ধি ব্যবস্থার মাধ্যমে যুব সম্প্রদায়কে সংগঠিত করা এবং তাদেরকে সমাজ কল্যানে উদ্বুদ্ধ করা। যুব সম্প্রদায়ের সাংগঠনিক ও আর্থিক ব্যবস্থাপনা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা।

(১০) সমাজের অবহেলিত নারী সম্প্রদায়ের সামাজিক স্বীকৃতি ও অর্থনৈতিক অধিকার প্রতিষ্ঠাকল্পে সহায়তা করা।

(১১) পেশাভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে শ্রমজীবি নারীপুরুষের দক্ষতা বৃদ্ধি ও নতুন কর্মসংস্থানের সহায়তা করা।

(১২) বেকার ও অর্ধবেকার নারী পুরুষের দক্ষতাভিত্তিক আর্থিক কার্য্যক্রম/কর্মসূচী গ্রহন করা এবং তাদের কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় তহবিল সংগ্রহ ও বিতরনে সহায়তা করা।

(১৩) সমাজের দরিদ্র জনগোষ্ঠিকে তাদের প্রয়োজন ও চাহিদা অনুযায়ী আর্থ-সামাজিক কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নের জন্য গ্রাম সংগঠন তৈরীতে সহায়তা করা।

(১৪) সমাজের গরীব জনগোষ্ঠিকে তাদের উন্নয়নের জন্য সরকার কর্তৃক গৃহীত কার্য্যক্রম সম্পর্কে নিয়মিত অবহিত করা এবং উক্ত কার্য্যক্রমে তাদের অংশগ্রহনে উৎসাহিত করা।

(১৫) উল্লেখিত লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে কাজ করছে এমন সংগঠনের সাথে সমন্বয় ও সহযোগিতা করা।

(১৬) সমিতির কর্মসূচী পরিচালনার জন্য চাঁদা, এককালীন দান, অনুদান, ঋণ ও মূলধন বিনিয়োগের মাধ্যমে কার্য্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় তহবিল গঠন করা।

(১৭) প্রকল্প এলাকার প্রাকৃতিক পরিবেশ সংরক্ষনের জন্য বৃক্ষ রোপন ও বনায়ন সহ যে কোন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা।

বেগম
PRESIDENT
ED-TEKNAF.

অনুমোদিত